

বুধবার

১৭ নভেম্বর ২০২০, ০৫ নভেম্বর ১৯৭৭
০২ বর্ষিক সপ্ত ১৯৯২ বিহারি
কেন্দ্র: ডি-০২৯২ কবি-০৭ সংখ্যা-২০০
পৃষ্ঠা ৮, খুলা ৪ টকা

স্বশাসনের জন্য প্রতিদিন
দেশকাল
www.deshkalbd.com



পাকিস্তানি ক্রিকেটারদের
বাংলা শেখান তামিম

খেলাধুলা : পৃষ্ঠা : ৬



'উন্নয়নে' বিপন্ন
পাহাড়ি জীবন

সম্পাদকীয় : পৃষ্ঠা : ৪



সাজপোশাকের জন্য
ট্রেন্ড ডীপিকা

বিনোদন : পৃষ্ঠা : ৭

দেশের খবর

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে নবান্ন উৎসব পালিত

মো : নূর আলম

গাজীপুরস্থ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) সোমবার (১৬ নভেম্বর ২০২০) বর্ণাঢ্য র্যালি, আলোচনাসভা, নতুনচালের তৈরি-পিঠা-পায়েস বিতরণ, মাঠে ফসল কাটা সহ বিভিন্ন আনুষ্ঠানিকতার মাধ্যমে নবান্ন উৎসব উদযাপন করা হয়। ব্রিঃমহা পরিচালক ড. মো. শাহজাহানকবীর, পরিচালক (গবেষণা) ড. কৃষ্ণ পদ হালদার, পরিচালক (প্রশাসন) ড. মো. আবুবকর ছিদ্দিক এবং বিভিন্ন গবেষণা বিভাগ ও শাখা প্রধানগণ এসব আনুষ্ঠানিকতায় নেতৃত্ব দেন। উর্ধ্বতনবিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারী ও শ্রমিক সহ শতশত মানুষ স্বতঃস্ফূর্তভাবে এতে অংশ নেন।

এ উপলক্ষে প্রদত্ত বক্তৃতায় ড. মো.শাহজাহান কবীর বলেন, নবান্ন উৎসবের মতো আনুষ্ঠানিকতার মাধ্যমে আমাদের জীবনে সংস্কৃতিচর্চার ঐতিহ্যকে

আরো প্রাণোচ্ছল ও বেগবান করতে পারি। আমাদের তরুণ সমাজকে বিপথে চালিত হওয়া থেকে রক্ষা করার জন্য এটি আরো বেশি প্রয়োজন। এই আনুষ্ঠানিকতার মাধ্যমে অগহায়ণ মাসের প্রথমদিন টিকে আমরা জাতীয় কৃষি দিবস হিসেবে উৎসাহ উদ্দীপনার সঙ্গে পালন করতে পারি। এ সময়টাতে দেশের প্রধান ফসল ধান কাটার বর্ণাঢ্য আনুষ্ঠানিকতার শুভ সূচনা হয়। এ ভাবে আমরা আমাদের শেখড়ের সঙ্গে নতুন করে সংযোগ স্থাপনের চেষ্টাকরি। এই আনুষ্ঠানিকতার পাশাপাশি আমাদের মেহনতী কৃষক ভাইয়েরা যাতে তাদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য পান সেজন্য ও আমাদের যার যার অবস্থান থেকে চেষ্টা চালিয়ে যেতে হবে।

